



# বাংলা ট্রিবিউল

১৭-১০-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠিত



নবীনবরণ অনুষ্ঠানে বক্তারা

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ২০২৪ সালের শীতকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করা হয়েছে। বৃহস্পতিবার (১৭ অক্টোবর) আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা এস এম নহিউদ্দিন এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সেমিস্টারে ১৩টি বিভাগে আলাদা অনুষ্ঠানের মাধ্যমে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে দুই হাজার ৭০০ জনেরও বেশি শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। শিক্ষার্থীদের বেশির ভাগই নারী। অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে খরসা দেওয়া হয়।

নবীনবরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক, কোষাধ্যক্ষ এয়ার কমন্ডার (অব.) ইশফাক এলাহি চৌধুরী এবং বিশ্ববিদ্যালয়ের সফল ওলামানাইরা নবীনদের উদ্দেশে বক্তব্য দেন।

বক্তারা নবীনদের আত্মবিশ্বাসী নগরিক হয়ে গড়ে ওঠার তত্ব দেন। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাজীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাখণ্ড ও লাইব্রেরিতে সক্রিয় হয়ে নিজেকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার পরামর্শ দেন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং বিপুলসংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।